

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৫২.১৮-৭৬

তারিখ: ১৬.০৫.২০১৮খ্রি.

বিষয়: ভোলা জেলার সদর উপজেলাধীন দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি না থাকা অবস্থায় বিকল্প পদ্ধতিতে বেতন-ভাতা (এমপিও) উত্তোলনে ব্যর্থ হওয়ার কারণ ব্যাখ্যাকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদরাসার স্মারক সুপারের আবেদন।  
(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখাঃ ১১ এর স্মারক নং- শিম/শাঃ১১/২(২)/৯৯(অংশ-১)/১২৮৮

তারিখ: ০২.১২.২০১৭ খ্রি.


তারিখ: ০৫.১০.২০০২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি না থাকায় ডিসেম্বর/২০১৬ খ্রি. তারিখের বেতন ভাতাদি (এমপিও) যথাসময়ে উত্তোলন করতে না পারায় অনুত্তোলিত বেতন ভাতাদি (এমপিও) উত্তোলনের অনুমতির জন্য সূত্রে বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে সুপার কর্তৃক আবেদন করা হয়েছে।

০২. সূত্রে বর্ণিত (২) নং পত্রে উল্লেখ রয়েছে, “যে সমস্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি এর সভাপতি নেই অথবা অন্য কোন কারণে উল্লিখিত কমিটি ও গভর্নিং বডির কার্যক্রম স্থগিত আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে সংশ্লিষ্ট উপজেলার ক্ষেত্রে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা সদরে জেলা প্রশাসক প্রতিস্বাক্ষর করবেন”।

০৩. উপরিউক্ত সুস্পষ্ট নির্দেশনা অনুযায়ী আলোচ্য ম্যানেজিং কমিটির অনুপস্থিতিতে বিকল্প কর্মকর্তার (উপজেলা নির্বাহী কর্মকর্তা /জেলা প্রশাসক) স্বাক্ষরে এমপিও উত্তোলন সম্ভব ছিল কিন্তু আলোচ্য ক্ষেত্রে কেন তা সম্ভব হয়নি এ বিষয়টি সুপারের আবেদনে উল্লেখ না থাকায় আবেদনের বিষয়টি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

০৪. এমতাবস্থায়, বিকল্প কর্মকর্তার (উপজেলা নির্বাহী কর্মকর্তা /জেলা প্রশাসক) স্বাক্ষরে এমপিও উত্তোলনের সুযোগ থাকার পরও কেন যথাসময়ে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলন করা সম্ভব হয়নি তা আগামী ২৮.০৫.২০১৮খ্রি. তারিখের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইলঃ [adfinance.dme@gmail.com](mailto:adfinance.dme@gmail.com)

সুপার  
দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদরাসা  
সদর, ভোলা।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ভোলা।
- ৫। সভাপতি, দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদরাসা।
- ৬। অফিস কপি।